

১৭/৭/০২

তারিখ: ১৭/৭/০২

অনার্স পরীক্ষার সময়সূচি পরিবর্তনের দাবি

রংপুর কারমাইকেল কলেজে ভাঙচুর

নেত্রকোনায় রেলপথ অবরোধ

নিজস্ব বার্তা পরিবেশক : অনার্স পার্ট-৩ পরীক্ষার সময়সূচি পরিবর্তনসহ বিভিন্ন দাবিতে বিক্ষুব্ধ ছাত্ররা মঙ্গলবার রংপুর কারমাইকেল কলেজে ব্যাপক ভাঙচুর ও বোমাবারি করে। এতে ৩ শিক্ষক আহত হন। অন্যদিকে বতুড়া ও নেত্রকোনায় বিক্ষুব্ধ ছাত্ররা রেলপথে অবরোধ সৃষ্টি করে।

রংপুর থেকে জেলা বার্তা পরিবেশক : মঙ্গলবার অনার্স পার্ট-৩ পরীক্ষার সময়সূচি পরিবর্তনসহ বিভিন্ন দাবিতে রংপুর কারমাইকেল বিশ্ববিদ্যালয় কলেজে বিক্ষুব্ধ ছাত্ররা ব্যাপক ভাঙচুর করে। এ সময় বেশ কয়েকটি কন্সটেল বিক্ষোভ ঘটানো হলে ছাত্রছাত্রীদের মধ্যে চরম আতঙ্কের সৃষ্টি হয়। খবর পেয়ে ম্যাজিস্ট্রেটের নেতৃত্বে

একদল পুলিশ ঘটনাস্থলে গিয়ে পরিস্থিতি নিয়ন্ত্রণে আনে। এ সময় ইতিহাস বিভাগের শিক্ষিকা হোসনে আরাসহ ৩ শিক্ষক আহত হইতেন বলে কলেজ সূত্রে জানা গেছে। পুলিশ ও সশস্ত্র সূত্রে জানা গেছে, অনার্স পার্ট-৩ পরীক্ষার সময়সূচি পরিবর্তন সত্ত্বেও একদিন পরীক্ষা অনুষ্ঠান ও কন্সট্রিহেনসিভ বিষয়ে ৫০ নম্বরের পরিবর্তে ১০০ নম্বর করার প্রতিবাদে মঙ্গলবার পরীক্ষার্থীরা কলেজ ক্যাম্পাসে বিক্ষোভ মিছিল বের করে। মিছিলটি ক্যাম্পাস প্রদক্ষিণ করার সময় কলেজের ৩য় ভবনের দরজা-জানালা ও আসবাবপত্র ছাত্ররা ব্যাপক ভাঙচুর করে। এ সময় ৮/১০টি কন্সটেল বিক্ষোভ ঘটানো হয়। খবর পেয়ে ম্যাজিস্ট্রেট বশিরুল আলমের নেতৃত্বে একদল দাঙ্গা পুলিশ ঘটনাস্থলে গিয়ে পরিস্থিতি নিয়ন্ত্রণে আনে।

নেত্রকোনা থেকে নিজস্ব সংবাদদাতা : জাতীয় বিশ্ববিদ্যালয়ের অনার্স পার্ট-৩ পরীক্ষার রুটিন পরিবর্তন ও কন্সট্রিহেনসিভ পরীক্ষার আগের নিয়ম বহাল রাখার দাবিতে নেত্রকোনা সরকারি কলেজের পরীক্ষার্থীরা মঙ্গলবার বিক্ষোভ প্রদর্শন ও ডিসির কাছে স্মারকসিপি প্রদান করেছে।

সময়সূচি : পৃঃ ১১ কঃ ২

সময়সূচি : পরিবর্তন দাবি

(১২ গুটার পর)

সূত্র জানায়, উল্লিখিত পরীক্ষার্থীরা এই সময় (সকালে) জেলা শহরে বিক্ষোভ মিছিল ও নেত্রকোনা-বোহনগঞ্জ রেল লাইনের স্লিপার তুপে ব্যারিকেড সৃষ্টি করে। এর ফলে ঢাকা থেকে আসা মোহনগঞ্জগামী ৪৩ নং মহাড়া ডার্টন ট্রেন ও বিপরীতগামী ২৬৩ আগট্রেনটি বিকেল ৪টা পর্যন্ত নেত্রকোনায় আটকে থাকে। এ অবস্থায় যাত্রীদের চরম দুর্ভোগ পোহাতে হয়। দাবি না মানলে পরীক্ষার্থীরা আরও কঠোর কর্মসূচি গ্রহণের সিদ্ধান্ত ঘোষণা করে।

বতুড়া থেকে নিজস্ব সংবাদদাতা : জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীন অনার্স পার্ট-৩ পরীক্ষার রুটিন পরিবর্তনের দাবিতে বতুড়া সরকারি আফিফুল হক কলেজ ছাত্র অধিকার পরিষদ মঙ্গলবার দুপুরে বিক্ষোভ সমাবেশে ক্যাম্পাস সংলগ্ন সড়ক ও রেলপথ অবরোধ করে।

অবরোধ চলাকালে বিক্ষুব্ধ ছাত্র-ছাত্রীরা রেল লাইনের ওপর ব্যারিকেড দিয়ে সাত হোরগামী একটি ট্রেন আটকে রাখে। আগামী ২৪শে আগস্ট থেকে পরীক্ষা শুরু হওয়ার কথা রয়েছে।